



বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন



পত্র নং- গাগা/প্রকা/প্রশা/ ২০২৩-৮৫৩ (১০)

তারিখ : ১৬/০৬/২০২৩

প্রেস রিলিজ

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর উদ্যোগে ১৬ জুন, ২০২৩, শুক্রবার সকাল ১০:০০ টায় বেইলী রোড, গাইড অডিটোরিয়াম, জাতীয় কার্যালয়ে বিশেষ চাহিদা সম্পন্ন হলদে পাখি, অভিভাবক ও শিক্ষকদের সমন্বয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়।

উক্ত অনুষ্ঠানে মুখ্য আলোচক ডা. মেখলা সরকার, সহযোগী অধ্যাপক, সাইকোথেরাপি, ক্লিনিকাল সাইকোলজি অ্যান্ড সাইকিয়াট্রিক সোশ্যাল ওয়ার্ক বিভাগ, জাতীয় মানসিক স্বাস্থ্য ইন্সটিটিউট বলেন, “বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের পাশাপাশি তাদের মায়েদের নিজেদের যত্ন নিতে হবে। তাঁদেরও মানসিক ও শারীরিক যত্নের প্রয়োজন”।

বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন-এর জাতীয় কমিশনার ও উক্ত অনুষ্ঠানের সভাপতি কাজী জেবুন্নেছা বেগম বলেন, ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাউকেই পিছনে না রেখে সামনে এগিয়ে যাওয়ার মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ গার্ল গাইডস্ এসোসিয়েশন কাজ করে যাচ্ছে। সেই লক্ষ্যেই বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের নিয়েও গার্ল গাইড কাজ করে যাচ্ছে।

অনুষ্ঠানে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব নাজমা শেখ মন্ত্রণালয় হতে সর্বাঙ্গিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

অনুষ্ঠানে সহকারী সচিব শাহ আলম, ডেপুটি জাতীয় কমিশনার (প্রশাসন) সাবিনা ফেরদৌস, কমিশনার, জাতীয় কার্যনির্বাহী কমিটির সদস্য, বিশেষ চাহিদা সম্পন্ন হলদে পাখি, অভিভাবক, শিক্ষক ও রেঞ্জারগণ সহ অন্যান্য গন্যমান্য ব্যক্তি উপস্থিত ছিলেন।





সাবিনা বেগম
জনসংযোগ, প্রচার ও প্রকাশনা কর্মকর্তা